ভোরের কাগজ

MAR. 1 6 1999

# মন্ত্রিসভা বৈঠকে জাতীয় শিক্ষানীতি অনুমোদিত

কাগজ প্রতিবেদক : দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানের প্রাথমিক স্তরে একীভূত অভিন্ন শিক্ষা পদ্ধতি চালুর উদ্দেশ্যে প্রণীত জাতীয় শিক্ষানীতি গতকাল সোমবার মন্ত্রিসভা বৈঠকে অনুমোদিত হয়েছে। এরপর প্রথমবারের মতো শিক্ষানীতি জাতীয় সংসদে উত্থাপিত হবে। প্রধানমন্ত্রী শেখ হাসিনা মন্ত্রিসভা বৈঠকে সভাপতিত্ব করেন।

● এরপর -পৃষ্ঠা ২ কলাম ৫

## মন্ত্রিসভা বৈঠকে জাতীয় শিক্ষানীতি অনুমোদিত

● প্রথম পাতার পর

সংশ্লিষ্ট সূত্র জানায়, প্রধানমন্ত্রীর কাছে জাতীয় শিক্ষানীতির রিপোর্ট পেশের ৪ মাস পর এটি মন্ত্রিসভা বৈঠকে পেশ করা হয়। প্রধানমন্ত্রীর কাছে রিপোর্ট পেশ করতেও এ সংক্রান্ত কমিটি ৬ মাস বিলম্ব করেছে। শিক্ষানীতির সঙ্গে যুক্ত বিভিন্ন মন্ত্রণালয় ও বিভাগের মতামত সংগ্রহ করতে এ সময় ব্যয় হয় বলে শিক্ষা মন্ত্রণালয়ের একজন কর্মকর্তা গত রাতে ভোরের কাগজকে জানান। বর্তমান সরকার ক্ষমতায় আসার পর পরই জাতীয় শিক্ষানীতি প্রণয়নের কাজ শুরু করে।

প্রধানমন্ত্রীর কাছে ১৯৯৮ সালের ১৩ অক্টোবর পেশকৃত জাতীয় শিক্ষানীতি বাস্তবায়ন কমিটির রিপোর্টে উল্লেখ করা হয়, শিক্ষানীতি বাস্তবায়ন করতে শিক্ষাখাতে ৩০ হাজার কোটি টাকা অতিরিক্ত প্রয়োজন হবে। চলতি বছর থেকে যদি বাস্তবায়ন প্রক্রিয়া শুরু হয় তাহলে ২০১০ সাল নাগাদ বাস্তবায়ন শেষ হবে।